উপজেলা পরিষদ
দিনাজপুর সদর, দিনাজপুর
দিনাজপুর সদর উপজেলা পরিষদের ফেব্রুয়ারি/২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ	ইমদাদ সরকার চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর।
সভার তারিখ	ঃ	১৭ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ।
সভার সময়	ঃ	সকাল ১১:০০ টা।
সভার স্থান	ঃ	উপজেলা পরিষদ সভাকক্ষ, দিনাজপুর সদর, দিনাজপুর।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'- তে দেখানো হলোঃ
অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ'- তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি ভাষার মাসে সকল ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনপূর্বক উপস্থিত সকল সদস্যদের শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুরকে সভা পরিচালনার অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার বলেন, "প্রায় দুই হাজার কিলোমিটার দূরত্বে অবস্থিত দুটি ভূখন্ডের দুটি ভিন্ন ভাষার জাতিসত্তাকে মিলিয়ে পাকিস্তান রাষ্ট্রের জন্ম থেকেই মাতৃভাষাকে কেন্দ্র করে সূচনা হয়েছিল আন্দোলনের। আর এই ভাষা আন্দোলনকেই বাংলাদেশ রাষ্ট্র সৃষ্টির পথে প্রথম পদক্ষেপ হিসেবে মনে করা হয়।" তিনি ভাষার মাসে সকল ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদনপূর্বক বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে সামাজিক দূরত্ব বজায় রেখে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনা ও গৃহীত সিদ্ধান্তঃ

১। **বিগত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ** উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর বিগত মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শোনান।

সিদ্ধান্ত ঃ কার্যবিবরণীর উপর বিশদ আলোচনা হয়। কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

২। **কোভিড-১৯ ও যক্ষাসহ অন্যান্য সংক্রমক রোগের বিস্তার রোধ প্রসঙ্গঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ও বাংলাদেশ স্বাস্থ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারির প্রকোপ সংক্রান্ত বিষয়ে বিগত মাসের সভায় আলোচনা করা হয়েছে। স্বাস্থ্য ঝুকির কথা বিবেচনায় নিয়ে কোভিড-১৯ ও যক্ষাসহ অন্যান্য সংক্রামক রোগের বিস্তার রোধে অত্র উপজেলার সকল ইউনিয়ন পরিষদসহ ইউনিয়নের হাট-বাজার, বিভিন্ন পাবলিক প্লেসে "এখানে পান, জর্দা, গুল সেবন এবং যত্রতত্র কফ, থুতু, পানের পিক ফেলা নিষেধ" সংক্রান্ত ব্যানার লাগানো ও ডাস্টবিন স্থাপন করা প্রয়োজন। জেলা প্রশাসক, দিনাজপুর মহোদয় কার্যালয় কর্তৃক এ সংক্রান্ত একটি নির্দেশনা রয়েছে। বিষয়টি পুন:রায় ফেব্রুয়ারি/২০২১ মাসের সভায় আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনাক্রমে উপজেলার সকল দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানে 'মাস্ক ব্যবহার ব্যতীত প্রবেশ নিশেধ/No Mask, No Entry', 'মাস্ক পরিধান করুন, সেবা নিন/Wear Mask, Get Service', ইত্যাদি বার্তা উপযুক্ত মাধ্যমে (পোস্টার/স্টিকার/ব্যানার/বিলবোর্ড ইত্যাদি) দৃশ্যমান করাসহ সকল সেবা প্রদানকারী ও সেবা গ্রহণকারীর মাস্ক পরিধান ও স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করার বিষয়ে পুন:রায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। **উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অব্যয়িত টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তর প্রসঙ্গঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী প্রতি বছর ৩০ জুন এ পর রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তর করতে হয়। কিন্তু বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে বিগত অর্থ বছরে যথাসময়ে উপজেলা রাজস্ব তহবিলের অব্যয়িত অর্থ উন্নয়ন তহবিলে স্থানান্তর করা সম্ভব হয়নি। সভায় তিনি জুন/২০২০ পর্যন্ত উপজেলা রাজস্ব তহবিলের রূপালি ব্যাংক, চেহেলগাজী শাখা, দিনাজপুর এর চলতি হিসাব নম্বরঃ ৩৩৭ এ স্থিতিকৃত টাকা উন্নয়ন তহবিলে স্থানান্তর বিষয়ে উপস্থিত সকলের মতামত প্রত্যাশা করেন। বিষয়টি সভায় বিশদ আলোচনা করা হয়।

সিদ্ধান্তঃ সভায় বিস্তারিত আলোচনা অন্তে উপজেলা রাজস্ব তহবিলের অব্যয়িত ১,৭২,০০,০০০/- (এক কোটি বাহাত্তর লক্ষ) টাকা উপজেলা উন্নয়ন তহবিলে স্থানান্তরের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

৪। বিভাগীয় আলোচনাঃ

আলোচনার বিষয়ঃ	সিদ্ধান্তঃ	বাস্তবায়নঃ
৪.০১। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর, এর প্রতিনিধি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। কোন সমস্যা নাই। **কোভিড-১৯ আপডেটঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর জানান যে, দিনাজপুর সদর উপজেলায় করোনা (কোভিড-১৯) পজিটিভ রোগীর সংখ্যা মোট ২৪৬৭ জন, ছাড়পত্র প্রদান করা হয়েছে ২৩৬৪ জনকে (১৬/০২/২০২১ খ্রিঃ পর্যন্ত)। পৌরসভার মধ্যে করোনা রোগীর সংখ্যা ইউনিয়ন পরিষদের চেয়ে তুলনামূলক হারে অনেক বেশী। **কোভিড-১৯ টিকা প্রসঙ্গঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর সুরক্ষ্যা এ্যাপসের (https://surokkha.gov.bd) মাধ্যমে কোভিড-১৯ ভ্যাকসিনের জন্য নিবন্ধন প্রক্রিয়া ও ভ্যাকসিন প্রদান কার্যক্রমের সার সংক্ষেপন সভায় উপস্থান করেন। **হাম-রুবেলা টিকাদান ক্যাম্পেইন/২০২০:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর বলেন হাম-রুবেলা অতীব ভয়াবহ একটি রোগ। ১৯/১২/২০২০ খ্রিঃ হতে হাম রুবেলা ক্যাম্পেইন ইউনিয়ন পর্যায়ে শুরু হয়ে ৩১/০১/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত সফলভাবে পরিচালিত হয়েছে। এ বিষয়ে তিনি সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট সকল জনপ্রতিনিধিদের ধন্যবাদ প্রদান করেন।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসারকে অনুরোধ করা হলো।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সদর, দিনাজপুর।
৪.০২। **প্রকৌশল বিভাগ:** উপজেলা প্রকৌশলী ভাষার মাসে সকল ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর তিনি বলেন যে, এলজিইডি এর আওতায় দাপ্তরিক কাজ এবং মাঠ পর্যায়ের কাজ সুষ্ঠুভাবে চলছে। মাঠ পর্যায়ে চলমান কার্যক্রম নিয়মিত মনিটরিং করা হচ্ছে। তিনি চলমান কার্যক্রমগুলো বাস্তবায়নে সংশ্লিষ্ট জন প্রতিনিধিদের সহযোগিতা প্রত্যাশা করেন।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।	উপজেলা প্রকৌশলী, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.০৩। **কৃষি বিভাগ: সভায় উপস্থিত** উপজেলা কৃষি সম্প্রসারণ অফিসার, দিনাজপুর সদর, জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে, কোন সমস্যা নাই। নিম্নোক্ত কার্যক্রমগুলো অত্র দপ্তরের অধীন সম্পাদিত হয়েছে এবং হচ্ছে: ➢ চলতি রবি মৌসুমে আবাদের লক্ষমাত্রা হেক্টর হিসেবে বোরো: ১৮৮১৮, গম: ২১৫, সরিষা: ৫০২, আলু: ৩৯৬৯, ভুট্টা: ৪৮০০, পেঁয়াজ: ২১০, রশুন: ১৫২, শতিকালীন শাকসবজি: ২১৮৫। এসব লক্ষ্যমাত্রা বাস্তবায়নে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এছাড়া বর্তমানে মাঠে দন্ডায়মান সকল ফসলের অবস্থা ভালো। ➢ সারের সরবরাহ ও মজুদ পরিস্থিতি সন্তোষজনক। বিসিআইসি ও বিএডিসি সার ডিলারগণ সার উত্তোলন করে ইউনিয়নের অন্তর্গত গোডাউনে মজুদ করে কৃষকদের মাঝে বিতরণ করে আসছেন।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হলো।	উপজেলা কৃষি অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.০৪। **মৎস্য বিভাগঃ** সভায় উপস্থিত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, দিনাজপুর সদর জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে জলাশয় সংস্কার/পুন:খনন কাজ বাস্তবায়নের জন্য ০৩টি জলাশয় নির্বাচন এবং স্কীম তৈরি করা হয়েছে। এনওসি পাওয়া গিয়েছে, বরাদ্দ পেলে কাজ শুর করা হবে। জলাশয় সংস্কার/পুন:খনন কাজ বাস্তবায়ন প্রকল্পের দপ্তরে আরো ১০টি জলাশয় সংস্কারের প্রস্তাব পাঠানো হয়েছে। মৎস্য আইন বাস্তবায়নে পূণর্ভবা নদীর বাঙ্গিবেচা ব্রীজ হতে কাঞ্চন ব্রীজ পর্যন্ত বিভিন্ন স্থানে ফিক্সক ইঞ্জিন উচ্ছেদ এবং ৪০০০ মিটার অবৈধ জাল পোড়ানো হয়েছে। ২০২০-২০২১ অর্থ বছরে রাজস্ব অর্থে একটি বিল নার্সারী কার্যক্রম বাস্তবায়ন করা হবে। বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচি যেমন- মৎস্য চাষিদের পুকুরের পানি পরীক্ষা ও প্রযুক্তি পরামর্শ, মৎস্য চাষি/মৎস্যজীবী/খাদ্য বিক্রেতাদের নিয়ে মাছ/মৎস্য আইন বিষয়ে উঠান বৈঠক, প্রশিক্ষণ, ব্যক্তি উদ্যোগে বিল নার্সারী স্থাপন ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়াও তিনি মৎস্য আইন/মৎস্য খাদ্য আইন/মৎস্য হ্যাচারী আইন বাস্তবায়নে উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। পাশাপাশি বিভাগী কার্যক্রম সুষ্ঠভাবে চলমান রয়েছে মর্মে জানান।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.০৫। **প্রানিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর জানান যে, তাঁর বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। পিপিআর রোগ নির্ণয় ও খুরারোগ নিয়ন্ত্রণ প্রকল্পের আওতায় ১,৪৯,৮৪৮ টি ছাগল-ভেড়াকে পিপিআর রোগের টিকা প্রদান করা হয়েছে। তিনি আরো ও জানান যে, ২০৩০ সাল নাগাদ ছাগল ও ভেড়া কেপিপিআর রোগ মুক্ত করার জন্য সারা দেশ ব্যাপি প্রকল্প গ্রহণ করা	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর

আলোচনার বিষয়ঃ	সিদ্ধান্তঃ	বাস্তবায়নঃ
হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় দিনাজপুর সদর উপজেলার ১,৪৯,৮৪৮টি ছাগল-ভেড়ার মধ্যে ১,২৭,০০৬টি ছাগল-ভেড়া কেপিপিআর রোগের প্রতিষেধক প্রয়োগ করা হয়েছে। তিনি আরোও বলেন যে, করোনাকালীন সময়ে ক্ষতিগ্রস্ত খামারীগণকে সহযোগিতা করার জন্য এলডিডিপি প্রকল্পের আওতায় প্রণোদনার সিদ্ধান্ত নেয়া হয়েছে। সেই আলোকে অত্র উপজেলা হতে ১৪৯০ জন খামারীর তালিকা প্রেরণ করা হয়েছে। এছাড়া তিনি সাম্প্রতিক সময়ে লেয়ার মুরগীর বাচ্চা রং করে বিক্রির বিষয়টি সভায় উপস্থাপন করেন।		
৪.০৬। **সমাজসেবা বিভাগঃ** উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে, কোন সমস্যা নাই। তিনি বলেন যে, ২০২০-২০২১ অর্থ বছরে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতার G2P পদ্ধতিতে ভাতা প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। সে প্রেক্ষিতে অত্র উপজেলার বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের G2P পদ্ধতির আওতায় নিয়ে আসা হয়েছে। এ পর্যন্ত ১৬,৪০৮ (ষোল হাজার চারশত আট) জন উপকারভোগীর তথ্য এমআইএস তথ্য ভান্ডারে অন্তর্ভূক্ত করা হয়েছে। এছাড়া তিনি বাংলাদেশ ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ ডাক বিভাগের মোবাইল ফোন ভিত্তিক ডিজিটাল আর্থিক সেবা আদান প্রদানের পরিষেবা নগদের মাধ্যমে সকল প্রকার ভাতা প্রদানের বিষয়টি সভায় উপস্থাপন করেন। তাছাড়া মুক্তিযোদ্ধা সম্মানী ভাতাও G2P পদ্ধতির মাধ্যমে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ৯৯৯ জন ভাতাভোগী বীর মুক্তিযোদ্ধার মধ্যে ৯৪৬ জন বীর মুক্তিযোদ্ধাকে G2P পদ্ধতিতে এন্ট্রি করা হয়েছে। বাকী ভাতাভোগী বীর মুক্তিযোদ্ধার তথ্য G2P পদ্ধতিতে এন্ট্রির জন্য যেসকল মুক্তিযোদ্ধার স্ত্রী/সন্তান ভাতা গ্রহণ করেন সেক্ষেত্রে সকল স্ত্রী ও সন্তানগণের দিনাজপুর সোনালী ব্যাংক কর্পোরেট শাখায় ব্যাংক হিসাব খুলে উপজেলা সমাজসেবা অফিসারের নিকট জমা দানের জন্য অনুরোধ জানানো হয়। বিষয়টি সার্বিক প্রচার প্রচারণার জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের পুণ:রায় অনুরোধ জানানো হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার, বীর মুক্তিযোদ্ধাদের কবরস্থান সংরক্ষণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো। এবং সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যানকে উল্লেখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা সমাজসেবা অফিসার, সদর, দিনাজপুর ও সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যান।
৪.০৭। **শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার দিনাজপুর সদর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রয়েছে। তিনি জানান যে, করোনার কারণে বিদ্যালয় সমূহ বর্তমানে বন্ধ রয়েছে। বেশির ভাগ বিদ্যালয় যেহেতু প্রত্যন্ত এলাকায় অবস্থিত কাজেই বিদ্যালয়ের স্থাবর-অস্থাবর সম্পদ রক্ষণা-বেক্ষণের জন্য প্রধান শিক্ষককে নির্দেশনা দেওয়া হয়েছে। এক্ষেত্রে বিদ্যালয়ের সম্পদ রক্ষণা-বেক্ষণের জন্য এলাকাবাসীকে সচেতন করতে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যান মহোদয়গণকে অনুরোধ জানানো হয়।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, দিনাজপুর সদরকে অনুরোধ করা হলো।	উপজেলা শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.০৮। **মাধ্যমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, সভায় জানান যে, তার দপ্তরের কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। কোন সমস্যা নাই। জেলা শিক্ষা অফিসের চিঠি মোতাবেক সকল শিক্ষা প্রতিষ্ঠানের বিভিন্ন তথ্য নেয়া হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে করোনা ভাইরাসের কারণে নন-এমপিও শিক্ষক-কর্মচারীদের তথ্য জেলা প্রশাসক দিনাজপুর মহোদয় অফিসে প্রেরণ করা হয় এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে করোনা ভাইরাসের কারণে ২০১৯-২০২০ অর্থবছরে বিশেষ অনুদান খাতে প্রাপ্ত বরাদ্দ নন-এমপিও শিক্ষক-কর্মচারীদের অনুকূলে বিতরণ করা হয়েছে মর্মে তিনি জানান।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.০৯। **উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবেই চলছে, কোন সমস্যা নেই। পাশাপাশি তার দপ্তর কর্তৃক চাল সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে মর্মে তিনি অবহিত করেন।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর সদরকে অনুরোধ করা হলো।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.১০। **দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে, কোন সমস্যা নাই। গত ২০১৯-২০২০ অর্থ বছরের দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বরাদ্দকৃত যাবতীয় কার্যক্রম অত্র উপজেলায় চলমান রয়েছে। মাঠ পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম যথাযথ প্রক্রিয়ায় সম্পাদিত হচ্ছে কি না তা নিয়মিত মনিটরিং করা হচ্ছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা দিনাজপুরকে অনুরোধ করা হলো।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সদর, দিনাজপুর

আলোচনার বিষয়ঃ	সিদ্ধান্তঃ	বাস্তবায়নঃ
৪.১১। **উপজেলা পরিসংখ্যান দপ্তর ঃ** উপজেলা পরিসংখ্যান অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। কোন সমস্যা নাই।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য উপজেলা পরিসংখ্যান অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা পরিসংখ্যান অফিসার, সদর, দিনাজপুর
৪.১২। **উপজেলা আনসার ও ভিডিপি দপ্তরঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সভায় জানান যে, আনসারদের স্বাবলম্বী করে গড়ে তোলার লক্ষ্যে নিয়মিত ভাবে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দেওয়া হয়ে থাকে। এছাড়া তার দপ্তরের কাজকর্ম ভালভাবে চলছে। কোন অসুবিধা নাই।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, দিনাজপুর সদরকে অনুরোধ করা হলো।	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সদর, দিনাজপুর।
৪.১৩। **সমবায় বিভাগঃ** উপজেলা সমবায় অফিসার, দিনাজপুর সদর সভায় জানান যে, তার দপ্তরের কাজকর্ম ভালোভাবে চলছে। কোন সমস্যা নাই। তিনি বলেন যে, উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধা বঞ্চিত মহিলাদের জীবন যাত্রার মান উন্নয়ণের লক্ষ্যে ৯০ জন মহিলাকে ঋণ প্রদান করা হয়েছে।	সুবিধা বঞ্চিত মহিলাদের জীবণ যাত্রার মান উন্নয়ণের লক্ষ্যে ঠিকমত ঋণ বিতরণ সহ বিভাগীয় কাজ সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা সমবায় অফিসারকে অনুরোধ করা হলো।	উপজেলা সমবায় অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.১৪। **যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন অফিসার, সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। তিনি জানুয়ারি/২১ মাসের যুব উন্নয়নের কার্যক্রম তুলে ধরেন। যুবদের মাঝে ঋণ বিতরণের জন্য বরাদ্দকৃত ২৮,৬৩,৮০০/-টাকার মধ্য হতে মোট ৯০৪ জন যুবক-যুবতীদের মাঝে ২,৮৪,৬৩,৪০০/- টাকা মাত্র ঋণ বিতরণ করা হয় এবং বিগত মাসে কোন প্রশিক্ষণ প্রদান করা হয় নাই। এছাড়া অত্র উপজেলায় নিবন্ধনকৃত মোট ১৫৪টি যুব সংগঠন, অনুদান প্রাপ্ত সংগঠন- ১৬০টি, একক যুব পুরস্কার- ২৭ জন, জাতীয় পুরস্কার- ০৬জন এবং ৫৫ জনের মধ্যে টীট বস্ত্র বিতরণ করা হয়েছে।	দেশীয় কর্মসংস্থান তৈরীর লক্ষ্যে যুগোপযোগী পদক্ষেপ গ্রহণসহ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.১৫। **উপজেলা পল্লী উন্নয়ন বোর্ডঃ** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, দিনাজপুর সদর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন অসুবিধা নাই। তিনি আরও জানান সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায়, শেয়ার আদায় এবং ঋণ বিতরণের কাজ চলমান রয়েছে। ঋণ আদায়ের হার সন্তোষজনক বলে তিনি জানান।	নিয়মানুসারে সমিতি গঠনের কাজ, সদস্য ভর্তি, সঞ্চয় আদায়, শেয়ার আদায় এবং ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দিনাজপুর সদর, দিনাজপুর
৪.১৬। **পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২০২১ মাসে উপজেলার মোট সক্ষম দম্পতি ১,০০,৯৪২ জন। মোট পদ্ধতি গ্রহণকারী ৭৬,৩৬২ জন ও পদ্ধতি গ্রহণকারীর হার (CAR) ৮২.৩৪%। তিনি আরো জানান উপজেলা পরিবার পরিকল্পনা ষ্টোরে ব্যবহৃত ইনজেফ টেবল্‌স এর খালি ভায়ল জমা রয়েছে এবং বিধি মোতাবেক খালি ভয়াল ধ্বংস করার লক্ষ্যে জায়গা নির্ধারণের জন্য সভাপতি, চেয়ারম্যান উপজেলা পরিষদ, দিনাজপুর সদর মহোদয়কে অনুরোধ জানান।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.১৭। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সদর জানান যে, বর্তমান জিপিএস, এনএনজিপিএস ও পিইডিপি-৪, প্রকল্পের আওতায় বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লকের কাজ চলমান রয়েছে। ''সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প'' এর আওতায় ২৬০(দুইশত ষাট)টি তারা নলকুপের বরাদ্দ পাওয়া গেছে যার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া পানি পরীক্ষাগার ভবন এর নির্মাণ কাজ চলমান রয়েছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে অনুরোধ করা হলো।	সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সদর
৪.১৮। **উপজেলা শিক্ষা প্রকৌশল অধিদপ্তরঃ** সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সদর সভায় উপস্থিত না থাকায় তার দপ্তরের কাজকর্ম সম্পর্কে কিছু জানা গেল না ।	সভায় নিয়মিত উপস্থিত থাকাসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সহকারী শিক্ষা প্রকৌশলীকে অনুরোধ করা হলো।	সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.১৯। **উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, দিনাজপুর সদর সভায় জানান যে, তার বিভাগীয় কাজ ভালোভাবে চলছে। কোন সমস্যা নাই। তিনি ২০১৯-২০২০ অর্থবছরের অগ্রগতি নিম্নভারে তুলে ধরেন। মোট সমিতি-১৩৩টি, মোট সদস্য সংখ্যা-৫০৬৪ জন, মোট ঋণী সদস্য সংখ্যা-৩৫৭০ জন, মোট ঋণ বিতরণ-১৪৬.৫০ লক্ষ, মোট ঋণ আদায়-১৫০.৫০ লক্ষ, ঋণ আদায়ের হার-৮৯%, মোট সদস্যদের সঞ্চয় জমার পরিমাণ-৩১.০৫ লক্ষ।	বিভাগীয় কাজ সঠিকভাবে পরিচালনার জন্য পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.২০। **মহিলা বিষয়ক বিভাগ ঃ** উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর এর প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন অসুবিধা নাই।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক অফিসারকে অনুরোধ করা হলো।	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর

আলোচনার বিষয়ঃ	সিদ্ধান্তঃ	বাস্তবায়নঃ
৪.২১। উপজেলা বন বিভাগঃ উপজেলা ফরেস্টার, উত্তর গোবিন্দপুর, সামাজিক বন বিভাগ দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি সামাজিক বনায়ন কার্যক্রম বিষয়ে সরকারি খাস ভূমি ও রাস্তায় বৃক্ষ রোপনের সৃষ্ট জটিলতার বিষয় সভায় উপস্থাপনপূর্বক তা সমাধানের জন্য আবেদন করেন।	বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য উপজেলা ফরেষ্টারকে অনুরোধ করা হলো। সামাজিক বনায়নে সৃষ্ট জটিলতা নিরসনে ইউপি চেয়ারম্যান ও ফরেষ্টারের দৃষ্টি আকর্ষণ করা হয়।	উপজেলা ফরেষ্টার, সদর, দিনাজপুর ও সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যান
৪.২২। **বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষঃ** সহকারী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে, কোন সমস্য নেই। এছাড়া বিএমডিএ দিনাজপুর জোনের আওতায় আসন্ন বোরো মৌসুমে এলএলপি ও গভীর নলকূপ সুষ্ঠভাবে পরিচালনার জন্য প্রস্তুতি গ্রহন করা হয়েছে	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য সহকারী প্রকৌশলী, বিএমডিএ কে অনুরোধ করা হলো।	সহকারী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.২৩। **উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তার দপ্তরঃ** উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর সদর দিনাজপুর সভঅয় জনান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই পরিচালিত হচ্ছে। কোন সমস্যা নেই।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য উপজেলা পাট উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হলো।	উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.২৪। **ইসলামিক ফাউন্ডেশনঃ** উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, দিনাজপুর সভায় জনান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। কোন সমস্যা নেই।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার জন্য ইসামিক ফাউন্ডেশনকে অনুরোধ করা হলো।	উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, দিনাজপুর
৪.২৫। **আমার বাড়ি আমার খামার প্রকল্পঃ** উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার প্রকল্প, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলমান রয়েছে। কোন সমস্যা নাই।	বিভাগীয় কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমন্বয়কারী আমার বাড়ি আমার খামার প্রকল্প, দিনাজপুর সদরকে অনুরোধ করা হলো।	উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.২৬। **উপজেলা রিসোর্স সেন্টারঃ** ইন্সট্রাকক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, দিনাজপুর সদর সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সঠিকভাবেই চলছে। বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং প্রাথমিক বিজ্ঞান বিষয়ে প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়াও সংগীত বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য ইন্সট্রাকক্টর, উপজেলা রিসোর্স সেন্টারকে অনুরোধ করা হলো।	ইন্সট্রাকক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, দিনাজপুর সদর, দিনাজপুর
৪.২৭। **উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর:** উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। কোন অসুবিধা নেই।	সভায় নিয়মিত উপস্থিত থাকাসহ বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পালনের জন্য ইউডিএফ কে অনুরোধ করা হলো।	ইউডিএফ সদর, দিনাজপুর
৪.২৮। **উপজেলা তথ্য আপা প্রকল্পঃ** উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক পরিচালিত ''তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন (২য় পর্যায়)''শীর্ষক প্রকল্পের উপজেলা তথ্যকেন্দ্রের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে বলে তিনি জানান।	উপজেলা তথ্য কেন্দ্রের বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হলো।	উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।

৫। **বিবিধ আলোচনাঃ**

৫.১। অফিস সহকারী জানান যে, রাজস্ব্য তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এর আলোকে জানুয়ারি/২০২১ মাসে নিম্নবর্ণিত খাতে ব্যয় হয়েছে। তিনি উক্ত ব্যয়সমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন।	বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে হওয়ায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।	চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার সদর, দিনাজপুর

রাজস্ব তহবিল ব্যয় সমূহ ঃ		
মাসের নামঃ- জানুয়ারি/২০২১		
১.	জনাব এমদাদ সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী ভাতা	৪০,০০০/-
২.	জনাব মোঃ রবিউল ইসলাম সোহাগ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, দিনাজপুর এর ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী	২৭,০০০/-
৩.	জনাব জেসমিন আরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, দিনাজপুর এর ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী ভাতা	২৭,০০০/-
৪.	মেসার্স রুবেল কনস্ট্রাকশন কে উপজেলা পরিষদ চেয়ারম্যান কোয়াটার মেরামত (আংশিক) বিল প্রদান (ভ্যাট ও আইটিসহ) (বিল: ১,৮০,০০০ + ভ্যাট: ৩০,০০০/- + আয়কর: ৮,০০০/-)	২,১৮,০০০/-
৫.	জনাব এমদাদ সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,	১২,৫০০/-

	দিনাজপুর সদর, দিনাজপুর এর ডিসেম্বর/২০২০ মাসের ভ্রমণ ভাতা				
৬.	জনাব মো: রবিউল ইসলাম সোহাগ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, দিনাজপুর এর ডিসেম্বর/২০২০ মাসের ভ্রমণ ভাতা	৮,০০০/-			
৭.	জনাব জেসমিন আরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর ডিসেম্বর/২০২০ মাসের ভ্রমণ ভাতা	৮,০০০/-			
৮.	জনাব মো: সাদেক মাহমুদ, ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ এর ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী	৬,০০০/-			
৯.	জনাব মো: আজিজুর রহমান, মালি, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর এর ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী (দৈনিক ৪৫০/- হারে)	১৩,৯৫০/-			
১০.	জনাব মোছা: লাকী বেগম, আয়া, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর ডিসেম্বর/২০২০ মাসের সম্মানী (দৈনিক ২৫০/- হারে)	৭,৭৫০/-			
১১.	উপজেলা পরিষদের নতুন প্রশাসনিক ভবন ও আনসার ক্যাম্পে বিদ্যুৎ সংযোগ প্রদান সংক্রান্ত বি প্রদান (ভ্যাট আইটি সহ)	২১,৯৬০/-			
১২.	উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের অফিস রুমে ডারটিকে পর্দা লাগানো ব্যয়িত বিল প্রদান (ভ্যাট ও আয়কর সহ)	২৭,৬২৫/-			
১৩.	উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক খাতে ডিসেম্বর/২০২০ মাসের বিল (আয়কর ও ভ্যাটসহ)	৪৩,০০০/-			
১৪.	সেপ্টে:/২০২০ হতে অক্টো:/২০২০ পর্যন্ত উপজেলা চেয়ারম্যান মহোদয় ও ইউএনও মহোদয়ের ইন্টারনেট মোডেম ব্যবহার বিল	১৩,২০০/-			
১৫.	জনাব মো: জুয়েল হোসেনকে অপ্রত্যাশিত খাত হতে সাহয্য প্রদান	৭,৫০০/-			
১৬.	জনাব মো: এরশাদ আলীকে অপ্রত্যাশিত খাত হতে সাহয্য প্রদান	৭,৫০০/-			
১৭.	অফিস সরঞ্জামাদি খাত হতে আইপিএস এর ব্যাটারি ক্রয় (ভ্যাট ও আয়করসহ বিল)	১৭,৪৫৯/-			
১৮.	ইলেকট্রেশিয়ান, উপজেলা প্রকৌশলীর দপ্তর জনাব মো: মোস্তফা কামাল কর্তৃক বিদ্যুৎ সংযোগ ও আনুষাঙ্গিক কাজে ব্যয়িত বিল (ভ্যাট ও আয়করসহ বিল)	১৯,১০৮/-			
১৯.	উপজেলা পরিষদ কোয়ার্টার মেরামত বিল প্রদান (ব্যাট আয়করসহ)	২৫,০০০/-			
২০.	উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের জীবগাড়ী মেরামত সংক্রান্ত বিল প্রদান (ভ্যাট আয়করসহ)	৩২,৫০০			

৫.২। উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর বলেন, অত্র উপজেলা পরিষদ চত্বরের ১.৩০ একর জমিতে দীর্ঘদিন যাবৎ হর্টিকালচার সেন্টার, দিনাজপুর তাদের কার্যক্রম চলমান রেখেছে। ইতোপূর্বে প্রতিষ্ঠানটির নিজস্ব কোন অফিস না থাকলেও বর্তমানে অন্যত্র অলাদা অফিস প্রতিষ্ঠিত হয়েছে। কিন্তু সেখানে তারা কার্যক্রম স্থানান্তরিত করছে না। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক প্রেরিত নোটিশ ও পত্র পাওয়ার পরও তারা তা কর্ণপাত করেননি যা অনভিপ্রেত। উপজেলা নির্বাহী অফিসার বলেন, উপজেলা পরিষদ হস্তান্তরযোগ্য ১৭টি দপ্তরসহ অন্যান্য জনগুরুত্বপূর্ণ কার্য সম্পাদনের কেন্দ্রস্থল। এখানে প্রতিদিন সরকারি-বেসরকারি বিভিন্ন কাজে নারী, শিশু, বৃদ্ধ, যুবক, স্কুল কলেজের শিক্ষার্থীসহ সকল শ্রেণী পেশার মানুষের আগমন ঘটে। ফলে জনগুরুত্বপূর্ণ কেন্দ্রস্থল হিসেবে হস্তান্তরযোগ্য ও বিভিন্ন সেবা প্রদানকারী সরকারি অফিস উপজেলা চত্বরে স্থাপনের জন্য আবেদন করেন। কিন্তু হর্টিকালচার সেন্টার, উপজেলা পরিষদ চত্বরের জমি বে-আইনিভাবে দখল করে রাখায় জনগুরুত্বপূর্ণ অফিসসমূহকে উপজেলা চত্বরে জায়গা প্রদান করা সম্ভব হচ্ছে না। বিষয়টি সভায় ব্যাপক আলোচনা করা হয়।	সভায় আলোচনাক্রমে উপজেলা পরিষদের সম্পত্তি দখলমুক্ত করতে জেলা সমন্বয় সভার অনুমতি সাপেক্ষে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রয়োজনীয় সহযোগতিার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো। সভায় বিস্তারিত আলোচনাক্রমে উপজেলা পরিষদের সম্পত্তি দখলমুক্ত করার বিষয়ে উপপরিচালক, হর্টিকালচার, দিনাজপুরকে পত্র দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর উপজেলা কৃষি অফিসার, সদর, দিনাজপুর ও উপজেলা সমাজসেবা অফিসার, সদর, দিনাজপুর।

৫.৩। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। উপজেলা নির্বাহী অফিসার বলেন, এ বিষয়ে নির্দেশনা পেলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	আবাসন নির্মাণের বরাদ্দ প্রাপ্তির জন্য প্রাক্কলন প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা প্রকৌশলী ও উপজেলা আনসার ভিডিপি অঃ সদর, দিনাজপুর।
৫.৪। অফিস সহকারী জানান যে, অফিস সরঞ্জামাদি খাত হতে ফার্নিচার ক্রয় ও মেরামতের বিষয়ে বিভিন্ন চাহিদা রয়েছে। তিনি উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এর আলোকে ফার্নিচার ক্রয় ও মেরামতের বিষয়টি সভায় উপস্থাপন করেন।	সভায় আলোচাক্রমে উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা/২০২০ এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর।

অত:পর সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ইমদাদ সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দিনাজপুর সদর, দিনাজপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দিনাজপুর সদর, দিনাজপুর
www.dinajpursadar.dinajpur.gov.bd

স্মারক নংঃ ০৫.৫৫.২৭৬৪.০০০.০৬.০০১.২০২১- ২৪৯

তারিখ: ০৫ ফাল্গুন, ১৪২৭ বঃ
১৭ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে

(১) মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮ দিনাজপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ।
(২) সিনিয়র সচিব, স্হানীয় সরকার বিভাগ, স্হানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
(৪) জেলা প্রশাসক, দিনাজপুর।
(৫) উপপরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
(৬) উপজেলা ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, দিনাজপুর সদর, দিনাজপুর।
(৭) উপজেলা .... কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর।
(৮) চেয়ারম্যান, ...নং .... ইউ.পি (সকল), দিনাজপুর সদর,দিনাজপুর।

এস.এইচ.এম. মাগফুরুল হাসান আব্বাসী
উপজেলা নির্বাহী অফিসার
দিনাজপুর সদর, দিনাজপুর
☎ : ০৫৩১-৬৫১২২ (অঃ)
e-mail: unodinajpur@mopa.gov.bd

পরিশিষ্ট- 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ		স্বাক্ষরিত (স্বাক্ষরের ক্রমানুসারে)
(১)	জনাব এস.এইচ.এম. মাগ্‌ফুরুল হাসান আব্বাসী, উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(২)	জনাব মোঃ রবিউল ইসলাম সোহাগ,ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(৩)	জনাব মোঃ আনিছুর রহমান (বাদশা), চেয়ারম্যান, ০১নং চেহেলগাজী ইউ.পি, সদর, দিনাজপুর	”
(৪)	জনাব মোঃ সিরাজুল ইসলাম, চেয়ারম্যান, ০৩নং ফাজিলপুর ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(৫)	জনাব মোঃ রফিকুল ইসলাম, চেয়ারম্যান, ০৫নং শশরা ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(৬)	জনাব মোঃ আনিছুর রহমান, চেয়ারম্যান, ০৭নং উথরাইল ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(৭)	জনাব মোঃ ইসহাক আলী, চেয়ারম্যান, ০৮নং শংকরপুর ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(৮)	জনাব মোঃ জিয়াউরর রহমান জিয়া, চেয়ারম্যান, ০৯নং আস্করপুর ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(৯)	জনাব মোঃ মাজেদুর রহমান জুয়েল, চেয়ারম্যান, ১০নং কমলপুর ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(১০)	জনাব মোঃ আশরাফুল হক প্রধাণ , উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(১১)	জনাব মোঃ আবু সাইদ, উপজেলা আনসার ও ভিডিবি অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(১২)	জনাব এএসএম দেলোয়ার হোসেন, সহঃপ্রকৌঃ বিএমডিএ, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(১৩)	জনাব মোঃ মেহের আলী, এফ.এস ইফা. দিনাজপুর সদর, দিনাজপুর	”
(১৪)	জনাব মোঃ রেজাউল ইসলাম, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(১৫)	জনাব মোঃ হাদিউর রহমান, এসএউএফও, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(১৬)	জনাব মামুন হাসান চৌধুরী, উপজেলা যুব উন্নয়ন অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(১৭)	জনাব মারিয়া বিনতে আজিজ, বিআরডিবি, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(১৮)	জনাব মোঃ খালেদুজ্জামান, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌঃ দিনাজপুর সদর, দিনাজপুর	”
(১৯)	জনাব মোঃ ওবাইদুর রহমান, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(২০)	জনাব মোঃ হাফিজুর ইসলাম, উপজেলা সমবায় কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(২১)	জনাব মোঃ আসাদুজ্জামান, উপজেলা সমাজসেবা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(২২)	জনাব মোঃ আব্দুর রহিম, উপজেলা প্রাণী সম্পদ অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(২৩)	জনাব নাজমা শিলভীয়া খান, উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(২৪)	জনাব মিনতি রানী অধিকারী, ইউআরসি, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(২৫)	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, উপজেলা সমন্বয়কারী,আবাআখা, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(২৬)	জনাব মোঃ জাহেদুল ইসলাম, প্রভাষক, কেবিএম কলেজ, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(২৭)	জনাব মোছাঃ উম্মে কুলসুম, তথ্যসেবা কর্মকর্তা,তথ্যকেন্দ্র, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(২৮)	জনাব মোঃ জসিম উদ্দিন, পি.আই.ও, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(২৯)	জনাব মোছাঃ দিলরুবা পারভিন, সদস্য, ৭নং উথরাইল ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(৩০)	জনাব নীলাম্বর বসাক, উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(৩১)	জনাব নয়ন কুমার সাহা, উদ্যানতত্ত্ববিদ, হর্টিকালচার সেন্টার, দিনাজপুর সদর, দিনাজপুর	”
(৩২)	জনাব মোঃ রফিকুজ্জামান, উপজেলা কৃষি সম্প্রঃ অফিসার, দিনাজপুর সদর, দিনাজপুর	”

পরিশিষ্ট- 'খ'

(১) জনাব মোঃ গোলাম রহমান, এআরডিও, দিনাজপুর সদর, দিনাজপুর
(২) সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, দিনাজপুর সদর, দিনাজপুর
(৩) জনাব অশোক কুমার রায়, চেয়ারম্যান, ০২নং সুন্দরবন ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর
(৪) জনাব মোঃ মমিনুল ইসলাম, চেয়ারম্যান, ৪নং শেখপুরা ইউ.পি, দিনাজপুর সদর, দিনাজপুর
(৫) জনাব মোঃ আব্দুর রাজ্জাক, চেয়ারম্যান, ০৬নং আউলিয়াপুর ইউপি, দিনাজপুর সদর, দিনাজপুর